

শহীদ আসাদ

কলেজকে

জাতীয়করণ

করা হবে

শিবপুর (ঢাকা), ২৫শে সেপ্টেম্বর (এনা)।—শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ আজ এখানে এক জনসভায় ১৯৬৯ সালে শহীদের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের জন্য 'শহীদ আসাদ কলেজকে' জাতীয়করণ করার ব্যাপারে তার সর্বশেষ চেষ্টা করবেন বলে আশ্বাস প্রদান করেন। মন্ত্রী কলেজের বার্ষিক অনুমোদন বাড়িয়ে দেন। তাঁকে জানানো হয়েছে যে, কলেজটি বর্তমানে আর্থিক অনটনের মধ্য দিয়ে চলেছে। পরে কাজী জাফর আহমদ শহীদ আসাদের কবর জেয়ারত করেন।